

শারিয়া - ক্যানাডার মুক্তিযুদ্ধ ৭

শারিয়ার ছেবলে বাংলাদেশের ভয়াবহ অবস্থার কথাই আসব পরে। আপাততঃ ক্যানাডার অন্টারিও প্রদেশের সরকার তার কথা রেখেছে। ১৯৯১ সালের যে আইনে ধর্ম-ভিত্তিক কোর্ট অনুমোদন করা হয়েছিল সে আইন বাতিলের প্রস্তাব তোলা হয়েছে সংসদে গতকাল ১৬ই নভেম্বর ২০০৫। শারিয়া-পন্থী টাউস সংগঠনটা হুংকার দিয়ে বলেছিল, এ “অপকর্ম” করলে পরের নির্বাচনে সরকারী দলকে তাঁরা নিজেরা ভোট তো দেবেনই না বরং কোন মুসলমান যেন তাদের ভোট না দেয়। কিন্তু প্রস্তাবটা পাশ হবেই এবং পরের নির্বাচনে ভোট দিতে তাঁদের ক্যানাডা ছেড়ে মঙ্গলগ্রহে যেতে হবে কারণ সংসদে সব দলেরই সমর্থন আছে প্রস্তাবে।

কেউ যদি মনে করেন ক্যানাডায় শারিয়ার কফিনে এটা শেষ পেরেক ঠোকা হল তবে মহামুর্খের স্বর্গে বাস করা হবে। মানবাধিকারের শত্রু এ বড় মারাত্মক ভাইরাস - **“It can hang for centuries like an inert chemical without losing any of its virulence. But the moment it is subjected to a living cell it jumps up to life with all of its cruel efficiency”** - **“নিজের হিংস্রতা কিছুমাত্র না হারাইয়া ইহা নিরীহ জড়-পদার্থের মত শতাব্দী ধরিয়া পড়িয়া থাকিতে পারে। কিন্তু জীবন্ত কোষের সান্নিধ্যে আসা মাত্রই ইহা সমস্ত হিংস্রতা লইয়া পলকে জীবন্ত হইয়া উঠে”**। আমরা নিশ্চয় জানি এ কালনাগ রাগে ফোঁসফোঁস করছে আর অসীম ধৈর্য্যে চুপ করে অপেক্ষা করছে নুতন কোন মাহেন্দ্রক্ষনের, সুযোগ পেলেই আবার ইসলাম-আল্লা-রসুল-কোরাণের নামে মানবাধিকারের ওপরে হানবে তার বিষাক্ত মরণছেবল। কাজেই আমাদেরও উপায় নেই, আমরাও তাকে প্রতিহত করার জন্য জাগ্রত বদ্ধপরিষ্কর, পরবর্তী যুদ্ধের জন্য প্রস্তুত আমরাও। নুতন আইনে “ধর্মীয়” পরামর্শকে অনুমোদন করা হবে (তার রায়কে আইনগত বৈধতা দেয়া হবেনা) সেটা হল “উড়ো খৈ গোবিন্দায় নমঃ”। সরকার খুব ভালো করে জানে, সাধারণ মানুষ পরামর্শের জন্য মন্দির-মসজিদ-গীর্জায় ছুটবেই, আইন করে সেটা থামানো যাবে না। ওই অনুমোদন আসলে পরাজিত পক্ষের পিঠে হাত বুলিয়ে মিষ্টি সাক্তনা দেয়া ছাড়া কিছু নয়।

আইনটা পাশ হয়ে যখন ক্যানাডিয়ান শারিয়া-কোর্টের কফিনে শেষ পেরেক ঠোকা হবে তখন এ সিরিজের কালতামামি দেবার আশা রাখি। নীচে একটা সূত্র দেয়া হল, বাকীগুলো আইনের কচকচিতে বড়ই জটিল, সরকারী ওয়েবসাইটে পাওয়া যাবে।

News Release Communiqué



Ministry of the
Attorney General

Ministère du
Procureur général

For Immediate Release

November 15, 2005

MCGUINITY GOVERNMENT DECLARES ONE LAW FOR ALL ONTARIANS

Only Canadian Law To Apply To Family Law Arbitrations

TORONTO — All family law arbitrations in Ontario will be conducted using only Canadian law under proposed legislation introduced by the McGuinty government,

Attorney General Michael Bryant announced today.

Under the proposed legislation, resolutions based on other laws and principles — including religious principles — would have no legal effect and would amount to advice only.

“There is one family law for all Ontarians and that is Canadian law,” said Bryant. People would still have the right to seek advice from any source in matters of family law, including religious leaders. However, such advice would not be enforced by the courts. “We have heard from those seeking greater protections for women,” said Sandra Pupatello, Minister Responsible for Women’s Issues. “In addition to this proposed legislation, we also plan to develop new community outreach and education programs to better inform Ontarians about family law and arbitrations. That would mean people, especially vulnerable women, would have more information about their choices and their rights under Canadian family law.”

Also, in an effort to further protect vulnerable people, the government is introducing changes to the Children’s Law Reform Act that would, if passed, ensure violence and abuse are considered when determining the best interests of a child in the context of custody and access.

“This change demonstrates our government’s commitment to ensure the safety of women and children in Ontario,” said Bryant.

- 30 -

Contacts:

Greg Crone

Minister’s Office

(416) 326-1785

Brendan Crawley

Communications Branch

(416) 326-2210

Disponible en français

www.attorneygeneral.jus.gov.on.ca

ফতেমোল্লা

১৬ই নভেম্বর ৩৫ মুক্তিসন।